

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি নগরকান্দা মহাবিদ্যালয়

নগরকান্দা, ফরিদপুর।

ওয়েব সাইট: www.gnm.edu.com

ই-মেইল: gnmprincipal@gmail.com



তারিখ : ০৬/০১/২০২৫ খ্রি.

### বিজ্ঞপ্তি

শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষ্যে মাননীয় প্রধান উপদেষ্টার উদ্দীপক ঘোষণা “এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই” বাংলাদেশ প্রিমিয়ার লীগ (বিপিএল)-২০২৫ এর সাথে সমন্বয় করে Youth Festival বাস্তবায়নের নিমিত্তে কর্তৃপক্ষের নির্দেশক্রমে সরকারি নগরকান্দা মহাবিদ্যালয়ের শিক্ষার্থীদের সমন্বয়ে ৩দিন ব্যাপী তারুণ্যের মেলা ২০২৫ অনুষ্ঠিত হবে। আগামী রবিবার, সোমবার ও মঙ্গলবার (তারিখ: ১২, ১৩ ও ১৪) এই মেলা অনুষ্ঠিত হবে। উক্ত মেলায় শিক্ষার্থীদের স্থানীয় ঐতিহ্য এবং সাহিত্য ও সংস্কৃতি তুলে ধরতে হবে। মেলায় পিঠা উৎসব, হস্তশিল্প, কারুশিল্প ও বিভিন্ন সৃজনশীল বিষয় প্রদর্শন করা যাবে। যে সকল শিক্ষার্থীরা এই মেলায় অংশগ্রহণ করবে তাদেরকে ৭ ও ৮ তারিখের মধ্যে নাম, শ্রেণি ও বিভাগ জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

বি: দ্র: একাদশ শ্রেণির অর্ধ-বার্ষিক পরীক্ষা আগামী ১৬/০১/২০২৫খ্রি. তারিখ হতে শুরু হবে এবং নতুন সময়সূচি নোটিশের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

শাহানা শামীম  
০৬/০১/২০২৫

আইডি নং ০০০২৪৮২৬

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

সরকারি নগরকান্দা মহাবিদ্যালয়  
নগরকান্দা, ফরিদপুর

মোস্তাফিজুর রহমান  
০৬/০১/২০২৫

মোঃ মোস্তাফিজুর রহমান  
প্রভাষক, পদার্থবিজ্ঞান  
সরকারি নগরকান্দা মহাবিদ্যালয়  
নগরকান্দা, ফরিদপুর



*(Handwritten signature)*

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০১.১৮.০০২.১৫-১৮৪৭৩/১০

তারিখ: ১০/১২/২০২৪ খ্রি.

বিষয়: বাংলাদেশ প্রিমিয়ার লীগ (বিপিএল) এর সহযোগীতায় তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষ্যে প্রণয়নকৃত কর্মসূচির বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬২.২২.০০১.১৭-৪২২; তারিখ ০৩/১২/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিশ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধান উপদেষ্টার উদ্দীপক ঘোষণা "এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই" বাংলাদেশ প্রিমিয়ার লীগ (বিপিএল)-২০২৫ এর সাথে সমন্বয় করে Youth Festival বাস্তবায়নের নিমিত্তে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিম্নোক্ত কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

**১। পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম:**

(ক) শিক্ষার্থীদের বিভিন্ন গ্রুপে ভাগ করে প্রতিটি গ্রুপকে সপ্তাহে ১ দিন ১টি শ্রেণিকক্ষসহ প্রতিষ্ঠান প্রাঙ্গণ পরিষ্কার-পরিচ্ছন্নতার দায়িত্ব প্রদান করতে হবে। এভাবে সপ্তাহে ৫ দিন প্রতিটি গ্রুপ নিজ নিজ শ্রেণিকক্ষসহ প্রতিষ্ঠান প্রাঙ্গণ পরিষ্কারের দায়িত্ব পালন করবে। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ প্রত্যেক শ্রেণির পরিচ্ছন্নতা কার্যক্রমের গুণভিত্তিক সময়সূচি নির্ধারণ করে নোটিশ আকারে প্রকাশ করবে। কার্যক্রমটি চলমান থাকবে।

**২। জুলাই বিপ্লবকে অর্ধবর্ষ করতে তারুণ্যের প্রতীক ৩৬ জুলাইকে সকলের মাঝে তুলে ধরার কার্যক্রম:**

- (ক) জানুয়ারির ১ম সপ্তাহে প্রতিষ্ঠানে তারুণ্য মেলা সম্পর্কিত ব্যানার প্রদর্শন করবে।  
(খ) জানুয়ারির ২য় সপ্তাহে তারুণ্য মেলা ৩দিন ব্যাপী অনুষ্ঠিত হবে। মেলায় শিক্ষার্থীদের উদ্ভাবনী শক্তিকে প্রদর্শনের জন্য স্টলের ব্যবস্থা করতে হবে। মেলায় স্থানীয় ঐতিহ্য এবং সাহিত্য ও সংস্কৃতি তুলে ধরতে হবে।  
(গ) জানুয়ারী ৩য় সপ্তাহে সুবিধাঅনক তারিখ ও সময়ে জুলাই বিপ্লবে অংশগ্রহণকারী আহত/আহতদের পরিবারের সদস্য/শহীদ পরিবারের সদস্যদের আমন্ত্রণ জানিয়ে জুলাই বিপ্লবের প্রেক্ষাপট ও ফ্যাসিবাদ বিরোধী আলোচনা সভার আয়োজন করতে হবে।

**৩। উদ্ভাবন ও উদ্যোক্তা বিষয়ক কার্যক্রম:**

(ক) জানুয়ারির ৪র্থ সপ্তাহে প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা থাকলে তাদের পাশাপাশি স্থানীয় সফল উদ্যোক্তাদের আমন্ত্রণ জানিয়ে উদ্যোক্তা ও সোশ্যাল বিজনেস বিষয়ক আলোচনা সভার আয়োজন করতে হবে।

**৪। পরিবেশ সুরক্ষা সংক্রান্ত কার্যক্রম:**

(ক) ফেব্রুয়ারির ১ম সপ্তাহে সুবিধাঅনক সময়ে পলিথিন ও প্লাস্টিক বর্জন এবং পরিবেশ সুরক্ষা সংক্রান্ত বিষয়ে শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবক এবং স্থানীয়ভাবে পরিবেশ সুরক্ষা বিষয়ে অভিজ্ঞ ব্যক্তিদের নিয়ে আলোচনা সভার আয়োজন করতে হবে।

উল্লিখিত কর্মসূচি এ অধিদপ্তরের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উক্ত কর্মসূচি সফল বাস্তবায়নের জন্য উপজেলা ও জেলা পর্যায়ে নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে কমিটি গঠন করা হলো।

**উপজেলা পর্যায়ে:**

- |  |   |            |
|--|---|------------|
| ১। উপজেলার বৃহৎ ও পুরাতন সরকারি কলেজের অধ্যক্ষ   | - | আহ্বায়ক   |
| ২। উপজেলার বেসরকারি কলেজের একজন অধ্যক্ষ (অহ্বায়ক কর্তৃক মনোনীত)   | - | সদস্য      |
| ৩। উপজেলার বৃহৎ ও পুরাতন সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের একজন প্রধান শিক্ষক                                      | - | সদস্য      |
| ৪। উপজেলার বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের একজন প্রধান শিক্ষক (উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কর্তৃক মনোনীত) | - | সদস্য      |
| ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা  | - | সদস্য সচিব |

**জেলা পর্যায়ে:**

- |   |   |            |
|---|---|------------|
| ১। জেলার বৃহৎ ও পুরাতন সরকারি কলেজের অধ্যক্ষ  | - | আহ্বায়ক   |
| ২। জেলার বেসরকারি কলেজের একজন অধ্যক্ষ (অহ্বায়ক কর্তৃক মনোনীত)                                  | - | সদস্য      |
| ৩। জেলার বৃহৎ ও পুরাতন সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের একজন প্রধান শিক্ষক                           | - | সদস্য      |
| ৪। জেলার বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের একজন প্রধান শিক্ষক (জেলা শিক্ষা কর্মকর্তা কর্তৃক মনোনীত) | - | সদস্য      |
| ৫। জেলা শিক্ষা কর্মকর্তা  | - | সদস্য সচিব |